দৈনিক খবর

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 19 JUL 1989
পৃষ্ঠা 6 কলাম

020

# শৈলকুপা হাই স্কুলে সকল সরকারী অনুদান বন্ধ

।। আনোয়ারুল হক ।।

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে মার্চ '৮৯ থেকে ঝিনাইদহ জেলার শৈলকুপা হাই স্কুলের সকল সরকারী অনুদান বন্ধ করা হয়েছে।

চলতি বছর এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে পরীক্ষা শেষে খাতা প্যাকিং করার সময় উপজেলা ম্যাজিস্ট্রেট জনাব আবদুস সাত্তার মিয়া হলের বাইরে থেকে লেখা ২৩ খানা খাতা উদ্ধার করেন। এ ব্যাপারে ২০শে মার্চ উপজেলা ম্যাজিস্ট্রেট-এর নেতৃত্বে ও ২১শে মার্চ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রকের নেতৃত্বে ২টি তদন্ত দল গঠন করা হয়। তদন্তে ২৪ খানা মূল খাতা ও ৩শ' ২২ খানা অতিরিক্ত খাতা কম পাওয়া যায়। ঐ দিনই শৈলকুপা থানায় মামলা দায়ের হলে পুলিশ খাতাপত্রের দায়িত্বপ্রাপ্ত সহকারী শিক্ষক আবুল কাশেম ও ২ জন পিওনকে গ্রেফতার করে। ২৩শে মার্চ পুলিশ স্থানীয় বালিকা বিদ্যালয়ের কেরানী গোলাম রসুল ও ২ জন পরীক্ষার্থীকে গ্রেফতার করে। ঘটনায় জড়িত থাকার কারণে পুলিশ গত ১১ই মে শৈলকুপা হাই স্কুলের হেড মাস্টার জনাব আবুবকরকে গ্রেফতার করে উপজেলা কোর্টে হাজির করলে কোর্ট তার জামিনের আবেদন নাকচ করে জেলহাজতে পাঠায়। ঘটনার জের হিসেবে শিক্ষা মন্ত্রণালয় শৈলকুপা হাই স্কুলের সকল সরকারী অনুদান বন্ধ করে দিয়েছে।